

তারিখ
পৃষ্ঠা ২ ... কলাম ...

ছাত্র-শিক্ষক সম্পর্ক আরো ঘনিষ্ঠ করা দরকার

রাষ্ট্রপতি অধ্যাপক এ. কে. এম. বদরুদ্দোজা চৌধুরী ছাত্র-শিক্ষক সম্পর্ক আরো ঘনিষ্ঠ করার এবং শিক্ষক ও অভিভাবকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ স্থাপনের পরামর্শ দিয়েছেন শিক্ষকদের। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের একটি প্রতিনিধিদল গতকাল শনিবার তার সঙ্গে সাক্ষাৎ করতে পঞ্চশব্দনে গেলেন রাষ্ট্রপতি এ. পরামর্শ দেন। ইউএনবি।

রাষ্ট্রপতি বলেন, সর্বোচ্চ বিদ্যাপীঠে শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উচিত অভিভাবকদের সঙ্গে শিক্ষকদের আলোচনার আয়োজন করা। সাক্ষাৎকালে প্রতিনিধিদল বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। বদরুদ্দোজা চৌধুরী বলেন, ছাত্রদের সাংস্কৃতিক মেধা বিকাশের পর্যাপ্ত সুযোগ থাকা উচিত এবং তাদের সাহিত্যিক কার্যক্রমের স্বীকৃতি প্রয়োজন।

এ ছাড়া বাংলাদেশ শিক্ষক সমিতি এবং ছড়াকারদের ৫ সদস্যের দুটি প্রতিনিধিদলও গতকাল পৃথকভাবে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে।